

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(আইসিটি শাখা)
জেলা প্রশাসকের কার্যালয়

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.৩৫.০০১.১৬.৩৫১

তারিখ: ২৮ অগ্রহায়ণ, ১৪২৩
১২ ডিসেম্বর, ২০১৬

বিষয়: অনলাইনে সরকারি সেবা প্রাপ্তির জন্য ই-ফরম ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

সূত্র : এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৩ নভেম্বর ২০১৬ তারিখের ০৩.৮০৪.০০৩.০০.০০.৫৮.২০১৬.৫০৯৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যে, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক বাংলাদেশ ফরম বাতায়ন (www.forms.gov.bd) তৈরি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সরকারি চাকুরির আবেদনসহ জেলা প্রশাসকের কার্যালয়ের ৩১ টি সেবা প্রাপ্তির লক্ষ্যে নাগরিকগণ জেলা তথ্য বাতায়ন ও বাংলাদেশ ফরম বাতায়নের মাধ্যমে আবেদন করতে পারবেন (সেবার তালিকা সংযুক্ত)। আবেদনকারী ট্র্যাকিং নম্বরের মাধ্যমে আবেদন পত্রের সর্বশেষ অবস্থা জানতে পারবেন।

২। নাগরিকগণ কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদনসমূহ ই-ফাইলিং (নথি) এর ইনবক্সে ডাক হিসেবে জমা হবে। এমতাবস্থায় নাগরিকগণ কর্তৃক দাখিলকৃত ডাকসমূহ গুরুত্বসহকারে যথাসময়ে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক পাতা)

- ১) উপজেলা নির্বাহী অফিসার, , (সকল),
সিলেট।
- ২) রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট।
- ৩) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার,
..... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,
সিলেট।

মো: জয়নাল আবেদীন

জেলা প্রশাসক

ফোন: ০১৭১২০৭৯২৩৩

ফ্যাক্স: ৭২৬০৭৯

ইমেইল: joynal5768@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.৩৫.০০১.১৬.৩৫১/১(৫)

তারিখ: ২৮ অগ্রহায়ণ, ১৪২৩
১২ ডিসেম্বর, ২০১৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ২) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, এ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৩) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
- ৫) গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর অনলাইনে প্রদত্ত সেবাসমূহ

১. স্ট্যাম্প ভেন্ডর লাইসেন্স প্রাপ্তির আবেদন
২. স্ট্যাম্প ভেন্ডর লাইসেন্স নবায়নের আবেদন
৩. ইট ভাটার লাইসেন্স নবায়নের আবেদন
৪. ১৯৮১ সনের অত্যাৱশ্যক পন্য নিয়ন্ত্রণ আদেশের বিধানের আওতায় তফসিলভুক্ত পন্যের ব্যবসা করার লাইসেন্স প্রাপ্তির আবেদন
৫. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির আবেদন
৬. ১৯৮১ সনের অত্যাৱশ্যক পন্য নিয়ন্ত্রণ আদেশের বিধানের আওতায় তফসিলভুক্ত পন্যের ব্যবসার লাইসেন্স নবায়নের আবেদন
৭. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করণের আবেদন পত্র
৮. পেট্রোলিয়াম জাতীয় ব্যবসা পরিচালনার অনাপত্তিমূলক পত্র (এনওসি) প্রাপ্তির আবেদন
৯. বৈবাহিক/অবৈবাহিক সনদ প্রাপ্তির জন্য আবেদন
১০. মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত আর্থিক অনুদানের চেক উত্তোলনের আবেদন
১১. তথ্য প্রাপ্তির আবেদনপত্র
১২. আবাসিক হোটেলের লাইসেন্স প্রাপ্তির আবেদন
১৩. আবাসিক হোটেলের লাইসেন্স নবায়নের আবেদন
১৪. এসিড ও এসিড জাতীয় দ্রব্য বিক্রয়ের লাইসেন্স প্রাপ্তির আবেদন
১৫. এসিড ও এসিড জাতীয় দ্রব্য বিক্রয়ের লাইসেন্স নবায়নের আবেদন
১৬. এসিড ও এসিড জাতীয় দ্রব্য ব্যবহারের অনুমতি প্রাপ্তির আবেদন
১৭. এসিড ও এসিড জাতীয় দ্রব্য ব্যবহারের লাইসেন্স নবায়নের আবেদন
১৮. এসিড ও এসিড জাতীয় দ্রব্য পরিবহনের লাইসেন্স প্রাপ্তির আবেদন
১৯. এসিড ও এসিড জাতীয় দ্রব্য পরিবহনের লাইসেন্স নবায়নের আবেদন
২০. পত্রিকা প্রকাশ ও প্রচারের অনুমতি প্রাপ্তির আবেদন
২১. সিনেমা হলের লাইসেন্স প্রাপ্তির আবেদন
২২. ছাপাখানা স্থাপনের অনুমতির জন্য আবেদন
২৩. ছাপাখানা স্থাপনের লাইসেন্স নবায়নের জন্য আবেদন
২৪. বালুমহাল ইজারাপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্তির/ লাইসেন্স প্রাপ্তির আবেদন
২৫. মৃতের দাফন/ সংকার কাজের জন্য আর্থিক সাহায্য প্রাপ্তির আবেদন
২৬. মৃত্যু সনদ প্রাপ্তির জন্য আবেদন
২৭. ওয়াজ/ জিকির মাহফিল/ মহাযজ্ঞ ও লীলা কীর্তন/ ধর্মীয় অনুষ্ঠানে মাইক ব্যবহারের জন্য অনুমতি প্রার্থনা
২৮. সাংস্কৃতিক অনুষ্ঠান/ জারি/ বাউল অনুষ্ঠান/ র্যাফেল ড্র / পুতুল নাচ প্রদর্শনীর জন্য অনুমতি প্রার্থনা
২৯. মেলা / বিনোদন অনুষ্ঠান / বৈশাখী মেলা / সার্কাস আয়োজনের জন্য অনুমতি প্রার্থনা
৩০. জমির সীমানা পিলার নির্ধারণ প্রসঙ্গে
৩১. অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণের টাকা উত্তোলনের জন্য আবেদন